

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৫৪

💵 আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

তোমরা নিজেরা খাও এবং তোমাদের গবাদি পশু চরাও। অবশ্যই এতে বিবেকসম্পন্ন লোকদের জন্য নিদর্শন রয়েছে। — আল-বায়ান

তোমরা খাও আর তোমাদের গবাদি পশু চরাও, এতে বিবেকবানদের জন্য বহু নিদর্শন আছে। — তাইসিরুল তোমরা আহার কর ও তোমাদের গবাদি পশু চরাও; অবশ্যই এতে নিদর্শন রয়েছে বিবেক সম্পন্নদের জন্য। — মুজিবুর রহমান

Eat [therefrom] and pasture your livestock. Indeed, in that are signs for those of intelligence. — Sahih International

৫৪. তোমরা খাও ও তোমাদের গবাদি পশু চরাও; অবশ্যই এতে নিদর্শন আছে বিবেকসম্পন্নদের জন্য।(১)

(১) এতে আল্লাহ তা'আলার অপার শক্তির অনেক নিদর্শন রয়েছে বিবেকবানদের জন্য। رهي শব্দটি ناهية এর বহুবচন। [ফাতহুল কাদীর] বিবেককে ناهية (নিষেধকারক) বলার কারণ এই যে, বিবেক মানুষকে মন্দ ও ক্ষতিকর কাজ থেকে নিষেধ করে। [ফাতহুল কাদীর] অর্থাৎ যারা ভারসাম্যপূর্ণ সুস্থ বিবেক বুদ্ধি ব্যবহার করে এ নিদের্শনাবলী তাদেরকে একথা জানিয়ে দেবে যে, এ বিশ্ব-জাহানের একজন রব আছেন এবং সমগ্র রবুবিয়াত ও ইলাহী কর্তৃত্ব একমাত্র তাঁরই হাতে কেন্দ্রীভূত। অন্য কোন রবের জন্য এখানে কোন অবকাশই নেই। আর তিনিই একমাত্র মা'বুদ, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ নেই। [দেখুন, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৫৪) তোমরা আহার কর ও তোমাদের গবাদি পশু চরাও;[1] অবশ্যই এতে বহু নিদর্শন আছে বিবেকসম্পন্নদের জন্য। [2]

- [1] অর্থাৎ, এই বিভিন্ন প্রকার উৎপন্ন ফল-ফসলের মধ্যে কিছু তোমাদের পানাহার ও বিলাস-ভোগের জন্য, আর কিছু তোমাদের জীব-জন্তুদের জন্য।
- [2] نُهِيَة শব্দটি نُهِيَة এর বহুবচন যার অর্থঃ বিবেক, জ্ঞান। أولو النُّهي এর অর্থঃ বিবেকবান, জ্ঞানসম্পন্ন। (أولو النُّهي এর মূল অর্থঃ শেষ, সমাপ্তি বা নিষেধ।) বিবেক বা জ্ঞানকে نُهِيَة এবং বিবেকবান বা জ্ঞানীকে ذُو نُهِيَة



বলা হয় যে, তারই মতানুসারে কোন কাজ সম্পন্ন বা কোন সিদ্ধান্ত চূড়ান্ত হয়। অথবা এই কারণে যে, তা মানুষকে পাপ হতে নিষেধ করে। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2402

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন